

উপস্থিত :- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ

আদেশ নং-

অদ্য একতরফা আদেশের জন্য দিন ধার্য আছে।

তারিখ- ১৩/০৩/২০২৩ ইং

বাদীপক্ষ অনুপস্থিত।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্ণিত নালিশী সম্পত্তিতে স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষণামূলক ডিক্রীর প্রার্থনায় ১-৩৬ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৩৬ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২৭/১১/২০২২ ইং তারিখের ১০ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে একমাত্র বাদী মোঃ ছৈয়দ P.W.-1 হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করেন।

১। আর এস ১৯৫৩, আর এস- ১৯০৪, আর এস - ১৯০৯ নং খতিয়ান এর জাবেদা নকল যা প্রদর্শনী- ১ সিরিজ হিসাবে চিহ্নিত করা হয়।

২। বি এস -২৫১০, বি এস -২৬৬৩, বি এস -৫৩৭ নং খতিয়ান এর জাবেদা নকল প্রদ- ২ সিরিজ হিসাবে চিহ্নিত করা হয়।

৩। ০১/০৬/১৯৩৭ ইং তারিখের ২৩৪৩ নং কবলার জাবেদা নকল যা প্রদর্শনী- ৩ হিসাবে চিহ্নিত হয়।

৪। ০৭/০৩/১৯৬৮ ইং তারিখের ১২৬৫ নং কবলার জাবেদা নকল যা প্রদ- ৪ হিসাবে চিহ্নিত করা হয়।

P.W.-1 মোঃ ছৈয়দ এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১ -৪) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানসমূহ সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম

হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থিত প্রতিকার পেতে  
হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৩৬ নং বিবাদীপক্ষের  
বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষণা করা যাচ্ছে, নালিশী ১(ক) তফসিল বর্ণিত ছমিতে বাদীর  
উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ছমি সংশ্লিষ্ট বি.এস ২৫১০,  
২৬৬৩ ও ৫৩৭ নং খতিয়ানে বাদী বা তার পূর্ববর্তীর নামের পরিবর্তে  
বিবাদীগণ ও তাদের পূর্ববর্তীর নাম ছল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা  
যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম